

🗏 আল-ফালাক | Al-Falaq | ٱلْفَلَق

আয়াতঃ ১১৩ : ২

💵 আরবি মূল আয়াত:

مِن شُرِّ مَا خَلَقَ ﴿٢﴾

তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে, — আল-বায়ান

তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে, — তাইসিরুল

তিনি যা সৃষ্টি করেছেন উহার অনিষ্টতা হতে। — মুজিবুর রহমান

From the evil of that which He created — Sahih International

২. তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে(১),

(১) আল্লামা ইবনুল কাইয়েয়েম রাহেমাহুল্লাহ বলেন, شر শব্দটি দু'প্রকার বিষয়বস্তুকে শামিল করে- (এক) প্রত্যক্ষ অনিষ্ট ও বিপদ, যা দ্বারা মানুষ সরাসরি কষ্ট পায়, (দুই) যা মুসীবত ও বিপদাপদের কারণ হয়ে থাকে, যেমন কুফর ও শির্ক। কুরআন ও হাদীসে যেসব বস্তু থেকে আশ্রয় চাওয়ার কথা আছে, সেগুলো এই প্রকারদ্বয়ের মধ্যেই সীমাবদ্ধ। সেগুলো হয় নিজেই বিপদ, না হয় কোন বিপদের কারণ।

এখানে লক্ষণীয় যে, আয়াতে বলা হয়েছে, "তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে আল্লাহর আশ্রয় চাচ্ছি।" এ বাক্যে অনিষ্টকারিতা সৃষ্টির ব্যাপারটিকে আল্লাহর সাথে সম্পর্কিত করা হয়নি। বরং সৃষ্টিজগতের সৃষ্টিকে আল্লাহর সাথে সম্পর্কিত করা হয়েছে সৃষ্টির সাথে। অর্থাৎ একথা বলা হয়নি যে, আল্লাহ যে অনিষ্টকারিতাসমূহ সৃষ্টি করেছেন সেগুলো থেকে আশ্রয় চাচ্ছি। এ থেকে জানা যায়, মহান আল্লাহ কোন সৃষ্টিকে অনিষ্টকারিতার জন্য সৃষ্টি করেননি। বরং তাঁর প্রত্যেকটি কাজ কল্যাণকর এবং কোন না কোন কল্যাণমূলক প্রয়োজন পূর্ণ করার জন্যই হয়ে থাকে। তবে সৃষ্টির মধ্যে তিনি যেসব গুণ সমাহিত করে রেখেছেন, যেগুলো তাদের সৃষ্টির উদ্দেশ্য পূর্ণ করার জন্য প্রয়োজন, সেগুলো থেকে অনেক সময় এবং অনেক ধরনের সৃষ্টি থেকে প্রায়ই অনিষ্টকারিতার প্রকাশ ঘটে। [বাদায়ে'উল ফাওয়ায়িদ: ২/৪৩৬]

তাফসীরে জাকারিয়া

২। তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট হতে। [1]

[1] এটি একটি ব্যাপকার্থবাধক বাক্য। এতে শয়তান ও তার বংশধর, জাহান্নাম এবং ঐ সমস্ত জিনিস হতে আশ্রয় চাওয়া হয়েছে, যার দ্বারা মানুষের ক্ষতি হতে পারে।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6227

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন